

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো  
উপজেলা পরিসংখ্যান কার্যালয়  
পাইকগাছা, খুলনা

স্মারক নং-৫২.০১.০৯২৫.০০০.১৪.০০১.১৯-৬৫

তারিখ: ২১/০৪/২০২২ খ্রি:

**নিয়োগ বিজ্ঞপ্তি**


বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২২' মূল শুমারির গণনা কার্যক্রমে 'গণনাকারী ও সুপারভাইজার' পদে নিয়োগের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে শুধুমাত্র পাইকগাছা উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়নের স্থায়ীভাবে বসবাসকারী বেকার যুব/যুবা মহিলা এবং ছাত্র/ছাত্রীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম	প্রাপ্য ভাতাদি (টাকা)	ইউনিয়নের নাম	যে সকল মৌজার প্রার্থী আবেদন করতে পারবে	পদ সংখ্যা	প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য যোগ্যতা
০১	সুপারভাইজার	প্রকল্পের বর্তমান ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা পাবেন।	রাড়ুলী	রাড়ুলি, ভবানিপুর, আরাজি ভবানিপুর	৪	১) ন্যূনতম স্নাতক পাস হতে হবে। ২) স্মার্টফোন চালনায় দক্ষ হতে হবে। ৩) ২২/০৪/২০২২ তারিখে বয়স ২৩-৪০ বৎসরের মধ্যে হতে হবে। ৪) উপযুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
			চাঁদখালি	খামরাইল, গজালিয়া, ফতেপুর	৩	
			গড়ুইখালী	কুমখালী, বাইনবাড়িয়া, হোগলার চক	৩	
			লক্ষর	খড়িয়া ডেমসাখালী	২	
			কপিলমুনি	সকল	৪	
			হরিচালী	নগরশিরামপুর, উত্তর সলয়া নকাটি সনাতনকাটি	৪	
			লতা	হানিমুনকিয়া	১	
সোলাদানা	সোলাদানা, দিঘা, চারবাঙ্গা, পাইকগাছা	৪				
০২	গণনাকারী	প্রকল্পের বর্তমান ডিপিপি অনুযায়ী সম্মানী ভাতা পাবেন।	চাঁদখালি	সকল	১৫	১) ন্যূনতম এইচএসসি/সমমানের পাস হতে হবে। ২) স্মার্টফোন চালনায় দক্ষ হতে হবে। ৩) ২২/০৪/২০২২ তারিখে বয়স ১৮-৩৫ বৎসরের মধ্যে হতে হবে। ৪) উপযুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
			রাড়ুলী	সকল	১১	
			গড়ুইখালী	সকল	২৪	
			কপিলমুনি	সকল	৩৮	
			হরিচালী	নগরশিরামপুর, উত্তর সলয়া, হরিদাসকাটি	৯	
			লতা	হানিমুনকিয়া, লতা পুতলাখালী, গোয়াসোভা, ধলাই, বাহিরবুনিয়া	৭	
সোলাদানা	সোলাদানা, বেতবুনিয়া, পতন	২				

বি: দ্র: পূর্বে ২০২০ অথবা ২০২১ সালে যাহারা আবেদন করে উপজেলা নির্বাহী অফিসে ভাইভা দিয়েছেন তাদের আবেদন করার প্রয়োজন নাই।

শর্তাবলী:

- উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের ওয়েবসাইট ([bbs.paikgasa.khulna.gov.bd](http://bbs.paikgasa.khulna.gov.bd)) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহ পূর্বক স্বহস্তে পূরণ করে আবেদন করতে হবে। এছাড়াও উপজেলা নির্বাহী অফিসার কার্যালয়ের ওয়েবসাইট ([paikgasa.khulna.gov.bd](http://paikgasa.khulna.gov.bd)) থেকেও সংগ্রহ করা যাবে।
- মূল শুমারিতে ১৫-২১শে জুন/২০২২ প্রতি গণনাকারী ০৭(সাত) দিনে মোট ১২০ (কম/বেশী) খানার তথ্য সংগ্রহ করতে হবে।
- মূল শুমারিতে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করতে হবে বিধায় স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
- নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে (৫০%) অগ্রাধিকার প্রদান করা হবে।
- শুমারি চলাকালীন সময়ে প্রার্থী নিজেকে অন্য কোন কর্মে নিযুক্ত করতে পারবেন না বা অন্য কোন কর্মে নিযুক্ত থাকলে আবেদন করতে পারবেন না।
- ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটিমাত্র পদে আবেদন করতে পারবেন।
- সকল পদের আবেদন ফরম বন্ধ খামের উপর ডান পার্শ্ব পদের নাম উল্লেখ পূর্বক আগামী ২১/০৪/২০২২ খ্রি: তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়ের নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
- প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
- আবেদনকৃত প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ২৭/০৪/২০২২ খ্রি: তারিখে সকাল: ৯ ঘটিকায় অনুষ্ঠিত হবে।
- নিয়োগ সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্যে গঠিত নিয়োগ কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
(মমতাজ বেগম)  
উপজেলা নির্বাহী অফিসার  
পাইকগাছা, খুলনা

ও  
সভাপতি  
জনশুমারি ও গৃহগণনা ২০২২ এর  
গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন কমিটি  
পাইকগাছা, খুলনা।